গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

স্মারক নম্বর-০৫.২০.১৯০০.০১৪.১১.০০২.২৩-৬৭

তারিখ: ০৭ মাঘ ১৪৩০ / ২১ জানুয়ারি ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখা এর ১১.০৯.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৭০ নম্বর স্মারক ও ১৩.১২.২০২৩ তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.১৬.৯৭৮ নম্বর স্মারক এবং স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখা এর ১২.০৯.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১.৭৬ নম্বর স্মারক ও ১৩.১২.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০০৪.১৯ (অংশ-১).৯৭৬ নম্বর স্মারকমূলে ছাড়পত্রের প্রেক্ষিতে কুমিল্লা জেলার 'ইউনিয়ন পরিষদ সচিব' ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটের এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী জনবল নিয়োগ এবং আগামী এক বছরের জন্য নিয়োগ প্যানেল সংরক্ষণের লক্ষ্যে কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (http://dccumilla.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী বেতনস্কেল | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | ইউনিয়ন পরিষদ সচিব | ০৬ (ছয়) | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- এবং বিধিমোতাবেক অন্যান্য ভাতাদি (বেতনভাতার ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০২. | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ২০ (বিশ) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- এবং বিধিমোতাবেক অন্যান্য ভাতাদি<br>(বেতনভাতার ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়) | ক. স্বীকৃত কোন বোর্ড থেকে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ. কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>গ. কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে ২০ (বিশ) শব্দের গতি সম্পন্ন হতে হবে। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :**

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৩. আবেদনকারীর বয়স ১৫.০২.২০২৪ তারিখে সাধারণ প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারিরীক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে বয়স সীমা (১৮-৩০) বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, নাতী/নাতনী এবং শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা (১৮-৩২) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

০৪. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৫. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল/প্রদর্শন করতে হবে। উল্লেখ্য চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

০৬. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

০৭. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন। তবে হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

০৮. চাকরির জন্য আবেদন আগামী ০১.০২.২০২৪ তারিখ সকাল ১০:০০ টা হতে ১৫.০২.২০২৪ তারিখ রাত্র ১২:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

০৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১কপি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/ উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) ও (Admit Card);
খ) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;
গ) সিটি কর্পোরেশন এর মেয়র/কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
ঙ) ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
চ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্র;
ছ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় চাকুরীর জন্য আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১.০৮.২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd) ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইট (https://bffwt.gov.bd) -এ প্রকাশিত সমন্বিত তালিকা এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট এর টিআইএমএস- এ প্রকাশিত বীর মুক্তিযোদ্ধার নামই বৈধ/স্বীকৃত

মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ অর্থাৎ ১৯৭১ সালের ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস কিংবা তার পূর্বে হতে হবে।

জ) বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে;

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | যে তালিকা বা গেজেটে বীর মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ | প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক (বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে) | বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ;<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্ম তারিখ;<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ;<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ | |

ঝ) কোটার স্বপক্ষে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ অথবা প্রমাণপত্র; যেমন-

i) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত বীর মুক্তিযোদ্ধা সনদ যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ... উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ii) এতিম শারীরিক প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদ মর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ ও সুবর্ণ কার্ড

iii) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ।

iv) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য কার্যালয় কর্তৃক প্রত্যয়নপত্র।

ঞ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে চাকুরির আবেদনপত্রের সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা(প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে, এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ট) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এ মর্মে সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ঠ) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী/মহিলা/আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি/বিশেষ সম্প্রদায় কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

ড) হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ সাপেক্ষে মৌখিক পরীক্ষায় কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের গতি উল্লেখসহ প্রশিক্ষণ সনদপত্র আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

১০. মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশ সনদ দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশ সনদে তার প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশ সনদে কমপক্ষে ০১(এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোনো মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশ সনদ গ্রহণ করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

১১. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

১২. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন; এবং এমন কোনো ব্যক্তিকে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগিরিক নন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

১৪. হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর নিয়োগের ক্ষেত্রে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভুত লিভ টু আপিল মামলা নম্বর ৪৫২/২০১৮ এর ০৫.০২.২০১৮ তারিখের মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ প্রতিপালন করা হবে।

১৫. হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারী ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন ও উদ্যোক্তা হিসেবে ইউনিয়ন পরিষদের সাথে সর্বশেষ সম্পাদিত চুক্তিনামার কপি প্রদর্শন করতে হবে।

১৬. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dccumilla.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১.০২.২০২৪ সকাল ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫.০২.২০২৪ রাত্র ১২:০০টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online- আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি (Photo) এবং স্বাক্ষর (Signature) Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট (Print) করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি ৪০০/- টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৪৬/- টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৪৪৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

| | |
|---|---|
| প্রথম SMS | : DCCUMILLA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। |
| Example | : DCCUMILLA ABCDEF |
| Reply | : Applicant's Name, Tk. 446 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCCUMILLA YES PIN and send to 16222. |

| | |
|---|---|
| দ্বিতীয় SMS | : DCCUMILLA<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। |
| Example | : DCCUMILLA YES 12345678 |
| Reply | : Congratulations Applicant's Name, payment completed successfully for DCCUMILLA Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx) |

চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে : DCCUMILLA<space>Help<space>User<space> User ID & Send to 16222
Example : DC CUMILLA Help User 12345678 Send to 16222

ii) PIN Number জানা থাকলে : DCCUMILLA <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example : DC CUMILLA Help PIN 12345678 Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা dccomilla@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। [Mail এর subject-এ Organization Name : DCCUMILLA, Post Name : **********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৮. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা www.comilla.gov.bd এর ওয়েবসাইটে এবং http://dccumilla.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.comilla.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৯. পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০. বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

২১. নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একাধিক পদে আবেদন করলেও শুধুমাত্র একটি পদের বিপরীতেই নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

২২. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এই বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৩. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ এবং আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

খন্দকার মু: মুশফিকুর রহমান
জেলা প্রশাসক
কুমিল্লা
ফোন-০২-৩৩৪৪০০৩০১
dccomilla@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.২০.১৯০০.০৯.১১.০০২.২৩- ৬৭

তারিখ : ০৭ মাঘ ১৪৩০ / ২১ জানুয়ারি ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৭. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৮. জেলা প্রশাসক ............................................ (সকল)
৯. পুলিশ সুপার, কুমিল্লা ও সদস্য, নিয়োগ কমিটি
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
১১. সিভিল সার্জন, কুমিল্লা
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা
১৩. উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা ও সদস্য-সচিব, নিয়োগ কমিটি
১৪. অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/(রাজস্ব),কুমিল্লা
১৫. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা ও সদস্য, নিয়োগ কমিটি
১৬. চেয়ারম্যান, ........................................................, উপজেলা পরিষদ (সকল), কুমিল্লা
১৭. উপজেলা নির্বাহী অফিসার,.............................(সকল), কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহল প্রচারের লক্ষ্যে পরিষদের ওয়েবসাইটে প্রকাশ এবং নোটিশ বোর্ডে সাঁটানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৮. মেয়র................................................পৌরসভা (সকল), কুমিল্লা
১৯. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার.......................................... জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা
২০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২১. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, কুমিল্লা
২২. সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা
২৩. চেয়ারম্যান, ......................ইউনিয়ন পরিষদ (সকল),......................উপজেলা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি বহল প্রচারের লক্ষ্যে পরিষদের ওয়েবসাইটে প্রকাশ এবং নোটিশ বোর্ডে সাঁটানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৪. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা), হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নম্বর-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। বর্ণিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৫. অফিস নথি/ নোটিশ বোর্ড

জেলা প্রশাসক
কুমিল্লা